



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট।

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর মে/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	১৮/০৫/২০২১
সভার সময়	বিকাল ২.০০ ঘটিকা
স্থান	অনলাইন, জুম এপস
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন (পরিচালক) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। আলোচনাঃ

২.১। গত ১৫-০৪-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত
০১।	সেমিনার সংক্রান্ত মহাপরিচালক "SDG-7 Progress So Far" শীর্ষক একটি ভার্চুয়াল সেমিনার আয়োজনের ব্যাপারে আলোচনা করেন। তিনি বলেন মহামারির এই সময়ে ভার্চুয়াল সেমিনারটি অনেকের জন্যই ফলপ্রসূ হতে পারে।	"SDG-7 Progress So Far" শীর্ষক একটি ভার্চুয়াল সেমিনার ২ জুন ২০২১ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় অনলাইনে আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০২	স্টাডি রিপোর্ট মহাপরিচালক স্টাডি রিপোর্টগুলো যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে তাগিদ প্রদান করেন। সফট কপি বের করার নির্দেশনা প্রদান করে বলেন, ফ্রন্ট পেজ আকর্ষণীয় হতে হবে।	কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।
০৩	প্রশাসনিক মহাপরিচালক নিয়মিতভাবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নোটিশ বোর্ড, হাইড্রোকার্বনের ইমেইল, ই নথি চেক করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান তিনি নিয়মিতভাবে নোটিশ বোর্ড, মেইল রাখছেন। মহাপরিচালক বলেন প্রত্যেক কাজে গতিশীলতা আনতে হবে। তিনি আউটসোর্সিংয়ের ৯টি পদ সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করেন। অকোজো গাড়ি দুটো যথাসময়ে হ্যান্ডওভার করা হয়েছে কিনা এবং করা হয়ে থাকলে তার কোন ডকুমেন্ট রাখা হয়েছে কিনা সে বিষয়ে জানতে চান এবং গাড়ি সংক্রান্ত অডিট আপত্তি নিষ্পত্তি করার জন্য নির্দেশনা দেন। উপ-পরিচালক (পেরিকল্পনা ও পিএসসি) জানান হ্যান্ডওভার ডকুমেন্ট রাখা হয়েছে।	আলোচনায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।

